

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নলছিটি, ঝালকাঠি
www.dss.nalchity.jhalakathi.gov.bd

স্মারক নং: ৪১.০১.৪২৭৩.০০০.০২.০১৫.২০. ১০০

তারিখ: ২৯/০৭/২০২৫খ্রি:

বিষয়: বেসরকারি এতিমখানা পরিচালনার অনুজ্ঞাপত্র প্রাপ্তির আবেদনের বিষয়ে তদন্তকরণ পরবর্তী প্রতিবেদন প্রেরণ।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি পত্র নং ০৫.১০.৪২০.০০৯.১১.০১১.২৪-১৫৮/১, তারিখ: ১৪ মে ২০২৫।

২। উপজেলা নির্বাহী অফিসারের ডকেট নং ২৯৫, তারিখ ২৪/৫/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে "দারুস সুন্নাত নেছারিয়া এতিমখানা, নলছিটি, ঝালকাঠি" নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ০৯/০৭/২০২৫ খ্রি: তারিখ সরেজমিন পরিদর্শন করে, উপস্থিত দায়িত্বশীল ব্যক্তিবর্গের সাথে কথা বলেন। প্রতিষ্ঠানটি নলছিটি পৌরসভার ৩নং ওয়ার্ডে শিতলপাড়া এলাকায় অবস্থিত।

পরিদর্শন কালে প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত সভাপতি উপস্থিত ছিলেন না, ফলে নথিপত্র, কমিটি গঠনের রেজুলেশন, হালনাগাদ এতিম ভর্তি, হাজিরা রেজিস্টারসহ চাহিত অন্যান্য কাগজপত্র দেখাতে পারেন নাই। পরিদর্শন কালে উপস্থিত দায়িত্বপ্রাপ্ত সেক্রেটারী জনাব মো: আমিরুল ইসলাম উক্ত এতিমখানার চাহিত প্রয়োজনীয় হালনাগাদ কাগজপত্র পরবর্তীতে সরবরাহ করবেন মর্মে জানান। যা আজ ২৯/০৭/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত সরবরাহ করেন নাই।

এমতাবস্থায় বর্ণিত বেসরকারি এতিমখানা পরিচালনার অনুজ্ঞাপত্র প্রাপ্তির আবেদনের বিষয়ে তদন্তকরণ পরবর্তী প্রতিবেদন প্রেরণ সম্ভব হচ্ছে না। বিষয়টি মহোদয়কে অবহিত করা হল।

বর্ননামতে সংযুক্ত: সূত্রস্ব প্রেরণ মূলকপি ও তদন্ত উপস্থিতির হাজিরা মোট তিন পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
নলছিটি, ঝালকাঠি।


(মো: আসাদুজ্জামান)
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
নলছিটি, ঝালকাঠি

সদয় জ্ঞাতার্থে বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, দারুস সুন্নাত নেছারিয়া এতিমখানা, নলছিটি, ঝালকাঠি।
- ৩। অফিস কপি।